

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।
২। মডস জোন-৭ এর দাপ্তরিক প্রাক্কলন “বিনির্দেশ ও প্রাক্কলন” কমিটি গঠনের অনুমোদিত কপি।
৩। পূর্বানুমোদিত দর।
৪। প্রাক্কলন।

বিষয়ঃ “Purchase and installation of 1000/500 liter plastic water tanks for holy Ramadan month at different location under MODS Zone-7, Dhaka WASA” সংক্রান্ত কাজ।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতি বছর রমজান মাসে বিভিন্ন ভাসমান ও কর্মমুখী এলাকার মানুষ এবং যে সকল এলাকায় জনসমাগম বেশী হয় সে সকল এলাকায় ৫০০ লিঃ ও ১০০০লিঃ প্লাস্টিকের পানির ট্যাংক স্থাপন করে নিয়মিত পানি রিফিল করে গ্রাহকের এবং পথচারীর পানির চাহিদা পূরণ করা হয়। সেই ধারাবাহিকতায় আসন্ন রমজান মাসে মডস জোন-৭ এর আওতাধীন চাহিদানুযায়ী বিভিন্ন এলাকায় ১ হতে ২৯ শে রমজান পর্যন্ত মোট ২৯ (উনত্রিশ) দিন প্লাস্টিক পানির ট্যাংক স্থাপন ও নিয়মিত পানি রিফিল করণের মাধ্যমে পানি সরবরাহ করা হবে। উল্লেখিত কার্যাদি পরিচালনার জন্য ১০০০ লিঃ ধারণ ক্ষমতার ৯ (নয়)টি এবং ৫০০ লিঃ ধারণ ক্ষমতার ১০ (দশ)টি প্লাস্টিকের ট্যাংকসহ অন্যান্য সরঞ্জামাদি ক্রয় ও স্থাপন করা প্রয়োজন।

২। আলোচ্য কাজটি বাস্তবায়ন করার জন্য পূর্ব অনুমোদিত দর (সংযুক্ত ক্রমিক নং- ৩) অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্ত ক্রমিক নং- ৪)। প্রস্তুতকৃত প্রাক্কলনে সর্বমোট মূল্য দাঁড়িয়েছে ২,৯৮,৬০২.০০ (দুই লক্ষ আটাত্ত্বই হাজার ছয়শত দুই) টাকা মাত্র। আলোচ্য কাজটির ব্যয়ভার চলতি ২০২৫-২৬ইং অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং- ৩.১ হতে নির্বাহ করা হবে (সংযুক্ত ক্রমিক নং- ১)। PPR-২০২৫ এর বিধি ৯০ অনুযায়ী Request for Quotation (RFQ) পদ্ধতিতে কাজটি বাস্তবায়ন করা যেতে পারে। অনুমোদিত ক্রয়-পরিকল্পনা অনুযায়ী বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়।

৩। এমতাবস্থায়, অনুচ্ছেদ-১ ও অনুচ্ছেদ-২ এর বর্ণনালোকে “Purchase and installation of 1000/500 liter plastic water tanks for holy Ramadan month at different location under MODS Zone-7, Dhaka WASA” শীর্ষক কাজটির জন্য নিম্নলিখিত প্রস্তাব সমূহ অনুমোদন করা যেতে পারেঃ

ক) উপস্থাপিত প্রাক্কলনের সর্বমোট মূল্য ২,৯৮,৬০২.০০ (দুই লক্ষ আটাত্ত্বই হাজার ছয়শত দুই) টাকার সদয় অনুমোদন।

খ) বর্ণিত কাজটি PPR-২০২৫ এর বিধি ৯০ অনুযায়ী Request for Quotation (RFQ) পদ্ধতিতে বাস্তবায়নের অনুমোদন।

Hy OK
19.01.26

মনোজ ডাকুয়া
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭
ঢাকা ওয়াসা।

A.E.
Raut
19.01.26

আবদুর রশিদ রিপন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭, ঢাকা ওয়াসা।

EE
19/01/2026

3E, Morse-1

22/02/26

মোঃ ফিরোজ আলম
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭, ঢাকা ওয়াসা।

EE/2-7